দৈনিক সংবাদ

১৭/১০/২০০১

তারিখ ............
পৃষ্ঠা ৩ ... কলাম ৮ .....

# ফ্রাঙ্কফুর্ট বইমেলা সমাপ্ত

**ফ্রাঙ্কফুর্ট থেকে হামিদুল খান ঃ** পৃথিবীর বৃহত্তম ফ্রাঙ্কফুর্ট বইমেলা সোমবার শেষ হয়েছে। ৬ দিনব্যাপী এই বইমেলা শুরু হয় ১০ই অক্টোবর।

১শ ৭টি দেশের ৬ হাজার ৮শ ৭৭টি প্রকাশনা সংস্থা এ বছর ৫৩তম ফ্রাঙ্কফুর্ট বইমেলায় অংশ নেয়। এর মধ্যে জার্মানির ২ হাজার ৪শ ৭২টি এবং যুক্তরাষ্ট্রের ৭শ ৭১টি প্রকাশনা সংস্থা অংশ নেয়। তবে যুক্তরাষ্ট্রের ৩১টি, গ্রেট ব্রিটেনের ২৫টি ও ইসরায়েলের কয়েকটি প্রকাশনা সংস্থা আফগান যুদ্ধকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতিতে শেষ পর্যন্ত মেলায় আসেনি। যুক্তরাষ্ট্র ও গ্রেট ব্রিটেনের বড় বড় প্রকাশনা সংস্থা না আসার কারণে 'ট্রেড ভিজিটরের' সংখ্যাও অন্য বছরের তুলনায় এবার ছিল অনেক কম। মেলায় নিরাপত্তা ব্যবস্থা ছিল কড়া। সর্বশেষ খবরে জানা যায়, আনুমানিক ৩ লাখ ভিজিটর কম এসেছেন।

ফ্রেন্ডস বুক সার্ভিস নামে বাংলাদেশের একটি অচেনা সংস্থা একটা স্ট্যান্ড নিলেও প্রতিবারের মতো এবারও বাংলাদেশের বরাদ্দ স্ট্যান্ড খালি ছিল। সম্ভবত ভিসা পায়নি অথবা অন্য কাজে ব্যবহার করেছে।

বাংলাদেশ থেকে প্রতিবারের মতো এবারও অঙ্কুর প্রকাশনীর মেসবাহউদ্দিন এসেছিলেন। তিনি জানালেন, জনপ্রিয় হ্যারি পোর্টার সিরিজ বাংলা অনুবাদের স্বত্বের জন্য তিনি লেখিকার এজেন্টের সাথে কথা বলেছেন। এ পর্যন্ত হ্যারি পোর্টার সিরিজের বই ৫৪টি ভাষায় অনুবাদ হয়েছে। কোন বই হ্যারি পোর্টার সিরিজের মতো এতো বেশি আর বিক্রি হয়নি। জার্মানির ফ্রাঙ্কফুর্ট বইমেলার বিশেষত্ব হলো, বই বিক্রির অর্ডার নেয়ার সাথে বই এর কপি রাইট, অনুবাদ স্বত্ব ইত্যাদি বিক্রি হয়। সারা পৃথিবীতে যে বই ট্রেড হয় তার বেশিরভাগই হয় এই মেলায়।